২০২৫

দ্বিতীয় সেমেস্টার

# বাংলা - সাম্মানিক

পত্র : SEC-2

(ব্যবহারিক বাংলা - ১)

পূর্ণমান - ৭৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) ব্যক্তিগত পত্র কাকে বলে? ব্যক্তিগত পত্রের বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্তসহ উল্লেখ করো। ব্যক্তিগত পত্র কখন পত্রসাহিত্য রূপে পরিগণিত হয়? ৩+৯+৩

*অথবা*

(খ) দিনপঞ্জি কাকে বলে? দিনপঞ্জির বৈশিষ্ট্যসমূহ দৃষ্টান্ত সহযোগে আলোচনা করো। দিনপঞ্জি কখন সাহিত্য রূপে পরিগণিত হয়? ৩+৯+৩

২। (ক) গ্রন্থ সমালোচনা বা পর্যালোচনা কত প্রকার ও কী কী? গ্রন্থ সমালোচনার ক্ষেত্রে কোন কোন বিষয় অবশ্যই উল্লেখ করতে হয়? গ্রন্থ সমালোচনায় সমালোচকের নির্লিপ্ত হওয়া প্রয়োজন কেন, সে সম্পর্কে আলোচনা করো। ৫+৪+৬

*অথবা*

(খ) কনটেন্ট কত প্রকার ও কী কী? টাটা কোম্পানি বাজারে একটি নতুন মডেলের গাড়ি আনতে চলেছে, এ বিষয়ে কমবেশি পঞ্চাশ শব্দে নতুন পণ্যটি সম্পর্কে জনগণকে জানানোর জন্য একটি কনটেন্ট রচনা করো। ৫+১০

৩। (ক) অনুবাদ ও অনুসৃজনের মধ্যে তুলনা করো। ভাবানুবাদ ও ছায়ানুবাদের মধ্যে পার্থক্য কী, দৃষ্টান্ত সহকারে আলোচনা করো। বাংলা সাহিত্যের তিনজন কবিতা অনুবাদকের নাম উল্লেখ করো। ৫+৭+৩

*অথবা*

(খ) বাংলায় অনুবাদ করো — ১৫

I have no hesitation in saying that those who are gifted with moral power of love and vision of spiritual unity, who have the least feeling of enmity against aliens, and the sympathetic insight to place themselves in the position of others will be the fittest to take their permanent place in the age that is lying before us, and those who are constantly developing their instinct of fight and intolerance of aliens will be eliminated. For this is the problem before us, and we have to prove our humanity by solving it through the help of our higher nature. The gigantic organizations for hurting others and warding off their blows, for making money by dragging others back, will not help

**Please Turn Over**

us. On the contrary, by their crushing weight, their enormous cost and their deadening effect upon the living humanity they will seriously impede our freedom in the larger life of a higher civilization.

৪। (ক) প্রাতিষ্ঠানিক পত্র রচনার উদ্দেশ্য সংক্ষেপে লিপিবদ্ধ করো। ৫

*অথবা*

(খ) দিনপঞ্জি রচনার গুরুত্ব আলোচনা করো। ৫

৫। (ক) গ্রন্থ সমালোচনার প্রয়োজনীয়তা সম্পর্কে ধারণা দাও। ৫

*অথবা*

(খ) বিজ্ঞাপন ও কনটেন্টের মধ্যে তফাত কোথায়, সংক্ষেপে আলোচনা করো। ৫

৬। (ক) ভাষান্তর ও রূপান্তরের মধ্যে প্রভেদ কোথায়, সংক্ষেপে আলোচনা করো। ৫

*অথবা*

(খ) আক্ষরিক অনুবাদ প্রকৃতপক্ষে ব্যর্থ অনুবাদ। — মন্তব্যটি ব্যাখ্যা করো। ৫

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও — ১×১৫

(ক) পত্রকবিতা কী?

(খ) 'য়ুরোপ-প্রবাসীর পত্র' কার লেখা?

(গ) বাঙালি সাহিত্যিকের লেখা একটি দিনপঞ্জিজাতীয় গ্রন্থের নামোল্লেখ করো।

(ঘ) তোমার প্রিয় একজন আবৃত্তিকারের নাম লেখো।

(ঙ) রবীন্দ্রনাথের 'ছিন্নপত্রাবলী' গ্রন্থের চিঠিগুলি কার উদ্দেশে রচিত?

(চ) 'শকুন্তলা, মিরান্দা ও দেস্‌দিমোনা' প্রবন্ধটি কার লেখা?

(ছ) 'কুমারসম্ভব ও শকুন্তলা' প্রবন্ধটি কী জাতীয় সমালোচনা?

(জ) পুস্তক পরিচয় ও গ্রন্থ সমালোচনার মধ্যে একটি পার্থক্য নির্দেশ করো।

(ঝ) সুধীন্দ্রনাথ দত্তের একটি সমালোচনামূলক প্রবন্ধের নাম লেখো।

(ঞ) 'কবিতার ক্লাস'— গ্রন্থটি কার লেখা?

(ট) 'তীর্থ-সলিল' গ্রন্থটি কার লেখা?

(ঠ) 'ও'-শ্রুতির একটি উদাহরণ দাও।

(ড) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের একটি অনুবাদমূলক গ্রন্থের নাম লেখো।

(ঢ) বাংলা থিয়েটারের জন্য শেক্সপিয়রের ট্রাজেডি কে প্রথম রূপান্তর করেন?

(ণ) 'তর্জমা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?

---